গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-২২/২০১৯-২০২০
ঢাকা, ২৬ জুলাই শুক্রবার ২০১৯, ১১ শ্রাবণ ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। ডেঙ্গুর রোগীদের সুচিকিৎসা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী
২। ডেঙ্গু এখন পুরোপুরি নিয়ন্ত্রণে : স্বাস্থ্যমন্ত্রী
৩। এডিস মশা নির্মূলে ঢাকার দুই সিটি করপোরেশনকে যৌথ অভিযান পরিচালনার নির্দেশ দিয়েছে হাইকোর্ট
৪। বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদের বিনামূল্যে বীজ ও সার দেবে সরকার : কৃষিমন্ত্রী
৫। বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন : পুনঃতফসিলসহ নতুন ঋণ পাবেন বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকরা
৬। নবম ওয়েজবোর্ডের সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পাঠানো হবে : সেতুমন্ত্রী
৭। শীঘ্রই রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু হবে : পররাষ্ট্রমন্ত্রী
৮। ২০৩৪ সালে বাজেটের আকার হবে ১ ট্রিলিয়ন ডলার : অর্থমন্ত্রী
৯। কৃষিপণ্য প্রক্রিয়াজাত শিল্প স্থাপন করুন : উদ্যোক্তাদের প্রতি বাণিজ্যমন্ত্রী
১০। চামড়া শিল্পের সমস্যা সমাধানে টাস্কফোর্স হচ্ছে : শিল্পমন্ত্রী

চলমান পাতা-২

**১। ডেঙ্গুর রোগীদের সুচিকিৎসা নিশ্চিত করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী**

ডেঙ্গুর প্রকোপ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বর্তমানে লন্ডন সফরে থাকলেও তিনি প্রায় প্রতিদিন টেলিফোনে স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেকের কাছে পরিস্থিতি সম্পর্কে জানতে চাচ্ছেন। বিশেষকরে রোগীরা যেন সুচিকিৎসা পান সে বিষয়ে সতর্ক থাকার নির্দেশনা দিয়েছেন তিনি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১)।

**২। ডেঙ্গু এখন পুরোপুরি নিয়ন্ত্রণে : স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী জাহিদ মালেক গতকাল (২৫ জুলাই বৃহস্পতিবার) ঢাকা মেডিকেল কলেজে এক বৈজ্ঞানিক সেমিনারে বলেছেন, আমাদের দেশে হঠাৎ করে এত ডেঙ্গু রোগী দেখা যাওয়ার পেছনের কারণটি হচ্ছে এডিস মশার সংখ্যাধিক্য। তবে ডেঙ্গু এখন পুরোপুরি নিয়ন্ত্রণে বলেও দাবি করেন মন্ত্রী। সেমিনারে মন্ত্রী বলেন, মশক নিধন স্বাস্থ্য মন্ত্রণালয় নয়, সিটি করপোরেশনের দায়িত্ব। ডেঙ্গু নিয়ে সংবাদ পরিবেশনে সাংবাদিকদের আরও সচেতন হওয়ার আহ্বান জানান তিনি। চিকিৎসকদের প্রশংসা করে স্বাস্থ্যমন্ত্রী বলেন, বাংলাদেশের চিকিৎসকরা ডেঙ্গুতে আক্রান্তদের যেভাবে সেবা দিচ্ছেন, আশপাশের উন্নত দেশের চিকিৎসকরাও তা পারছেন না। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.২,ক.৬)।

**৩। এডিস মশা নির্মূলে ঢাকার দুই সিটি করপোরেশনকে যৌথ অভিযান পরিচালনার নির্দেশ দিয়েছে হাইকোর্ট**

ডেঙ্গু জীবাণুবাহী এডিস মশা নির্মূলে বিদ্যমান ওষুধের মাত্রা বাড়িয়ে ঢাকার দুই সিটি করপোরেশনকে যৌথ অভিযান পরিচালনার নির্দেশ দিয়েছে হাইকোর্ট। রাজধানীসহ দেশজুড়ে ডেঙ্গুর ভয়াবহ আকার ধারণ করায় এ সময় উদ্বেগ প্রকাশ করে হাইকোর্ট। এ ছাড়া ডেঙ্গু পরীক্ষায় বেসরকারি হাসপাতাল ও ক্লিনিকগুলোর অতিরিক্ত ফি আদায় বন্ধে কী পদক্ষেপ নেওয়া হয়েছে, তা জানতে চেয়ে পৃথক রুলও জারি করেছে হাইকোর্টের অন্য একটি বেঞ্চ। গতকাল (২৫ জুলাই বৃহস্পতিবার) এডিস মশা বিস্তার ও রোগ নির্ণয়ে খরচ প্রসঙ্গে হাইকোর্টের পৃথক দু'টি বেঞ্চ পর্যবেক্ষণসহ এ আদেশ দেয়। এদিকে বিচারপতি তারিক-উল হাকিম ও বিচারপতি মো. সোহরাওয়ারদীর সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চে হাজিরা দেন ঢাকার দুই সিটি করপোরেশনের প্রধান দুই স্বাস্থ্য কর্মকর্তা। গত ২২ জুলাই এ দুই স্বাস্থ্য কর্মকর্তাকে মশা নির্মূলে তাদের কার্যক্রম সম্পর্কে জানাতে আদালতে হাজির হতে নির্দেশ দেওয়া হয়। সূত্র : **সমকাল** (পৃ.১,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২)।

**৪। বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদের বিনামূল্যে বীজ ও সার দেবে সরকার : কৃষিমন্ত্রী**

কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক বলেছেন, বন্যায় ক্ষতিগ্রস্ত চাষীদের পুনর্বাসন কর্মসূচীর আওতায় সরকার বিনামূল্যে বীজ ও সার দেবে। তিনি আরও বলেন, বাংলাদেশে আন্তর্জাতিক মানের আলু গবেষণা কেন্দ্র তৈরি করা হবে। গতকাল (২৫ জুলাই বৃহস্পতিবার) সচিবালয়ে আন্তর্জাতিক আলু কেন্দ্রের (আইপিসি) আঞ্চলিক সমন্বয়কারী ইউএসসিংয়ের নেতৃত্বে তিন সদস্যের প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে মন্ত্রী এ কথা জানান। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **নিউ এজ** (পৃ.২,ক.২)।

**৫। বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপন : পুনঃতফসিলসহ নতুন ঋণ পাবেন বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকরা**

দেশের বিভিন্ন অঞ্চলে চলমান বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের কাছ থেকে এ মুহূর্তে ঋণ আদায় না করার নির্দেশ দিয়েছে বাংলাদেশ ব্যাংক। পাশাপাশি ডাউনপেমেন্ট ছাড়া ঋণ পুনঃতফসিল ও ডিপোজিট ছাড়া নতুন ঋণ সুবিধা দেয়ারও নির্দেশনা দেয়া হয়েছে। কেন্দ্রীয় ব্যাংকের 'কৃষি ঋণ বিভাগ' থেকে জারিকৃত এক প্রজ্ঞাপনে দেশের সব তফসিলি ব্যাংকের শীর্ষ নির্বাহীদের এ নির্দেশনা দেয়া হয়েছে। প্রজ্ঞাপনে নতুন করে কোনো সার্টিফিকেট মামলা না করার পাশাপাশি আগের মামলার তাগাদা বন্ধ রাখার নির্দেশনাও দেয়া হয়েছে। সূত্র : **বণিক বার্তা** (পৃ.২,ক.১)।

**৬। নবম ওয়েজবোর্ডের সুপারিশ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিসভায় পাঠানো হবে : সেতুমন্ত্রী**

সংবাদপত্র ও বার্তা সংস্থার কর্মীদের বেতন বাড়াতে নবম ওয়েজবোর্ডের সুপারিশ চূড়ান্ত করেছে এ সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি। চূড়ান্ত অনুমোদনের জন্য কমিটির এ সুপারিশ এখন মন্ত্রিসভায় পাঠানো হবে। জানিয়েছেন কমিটি প্রধান সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। গতকাল (২৫ জুলাই বৃহস্পতিবার) সচিবালয়ে মন্ত্রিসভা কমিটির বৈঠকে বিষয়টি চূড়ান্ত করা হয়। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১২,ক.৮)।

**৭।	শীঘ্রই রোহিঙ্গা প্রত্যাবাসন শুরু হবে : পররাষ্ট্রমন্ত্রী**

গতকাল (২৫ জুলাই বৃহস্পতিবার) রাজধানীর ব্র্যাক ইন সেন্টারে এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন বলেছেন, খুব দ্রুতই রোহিঙ্গা প্রত্যাবাসন প্রক্রিয়া শুরু হওয়ার ব্যাপারে আমি আশাবাদী। এর আগে মিয়ানমারের ভূমিকার কারণেই রোহিঙ্গা প্রত্যাবাসন বিলম্বিত হয়েছে। তিনি আরও বলেন, বিশ্বের অনেক দেশকে স্বল্প সংখ্যায় হলেও রোহিঙ্গাদের আশ্রয় দিতে বলা হয়েছিল। কেউই রাজি হয়নি। দীর্ঘদিন এ সংকটের বোঝা একা বাংলাদেশ বহনও করতে পারে না। এ অঞ্চলের স্থিতিশীলতা এবং অর্থনৈতিক উন্নয়নের প্রয়োজনেই এ সংকটের দ্রুত স্থায়ী সমাধান দরকার। সূত্র : **সমকাল** (পৃ.১৯,ক.৬), **নিউ এজ** (পৃ.১,ক.৮)।

**৮।	২০৩৪ সালে বাজেটের আকার হবে ১ ট্রিলিয়ন ডলার : অর্থমন্ত্রী**

২০৩৪ সালে বাংলাদেশের জাতীয় বাজেটের আকার এক ট্রিলিয়ন ডলারে উন্নীত হবে বলে উল্লেখ করেছেন অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল। তিনি বলেন, গত দশ বছরে বাংলাদেশ বিশ্বের ১৭টি বড় অর্থনীতির দেশকে টপকে এখন ৩৭তম বৃহৎ অর্থনীতির দেশ হয়েছে। ২০৩০ সালে মধ্যে বাংলাদেশ আরো এগিয়ে ২৪তম বৃহৎ অর্থনীতির দেশে পরিণত হবে। বর্তমানে বাজেটর আকার ৫ লাখ ২৩ হাজার কোটি টাকা। এ বাজেটের আকার ২০৩৪ সাল নাগাদ এক ট্রিলিয়ন মার্কিন ডলার (৮৪.৫ লাখ কোটি টাকা) হবে। গতকাল (২৫ জুলাই বৃহস্পতিবার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) আয়োজিত দুই দিনব্যাপী 'গুড প্রজেক্ট ইমপ্লিমেন্টেশন ফোরামের' সমাপনী দিনে প্রধান অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী এ কথা বলেন। অর্থমন্ত্রী বলেন, সরকার চায় দেশের সব গ্রামে শহরের মতো নাগরিক সুবিধা পৌঁছে দিতে। এর মাধ্যমে শহর ও গ্রামের ব্যবধান কমে আসবে। তিনি আরো বলেন, এক সময় আমাদের উন্নয়ন প্রকল্প ছিল পুরোপুরি বৈদেশিক সহায়তা নির্ভর। এখন আমরা নিজেদের উদ্যোগেই অনেক প্রকল্প বাস্তাবায়ন করছি। সূত্র : **ইত্তেফাক** (পৃ.১,ক.১), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**৯।	কৃষিপণ্য প্রক্রিয়াজাত শিল্প স্থাপন করুন : উদ্যোক্তাদের প্রতি বাণিজ্যমন্ত্রী**

বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি উদ্বৃত্ত কৃষিপণ্য প্রক্রিয়াজাতকরণ শিল্প স্থাপনে ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন। বিশেষকরে আলু প্রক্রিয়াজাতকরণে ব্যবসায়ীদের উদ্যোগ নেওয়ার কথা বলেন তিনি। তিনি বলেন, রফতানি আয় বাড়াতে পণ্য বহুমুখীকরণ জরুরি। গতকাল (২৫ জুলাই বৃহস্পতিবার) ইন্টারন্যাশনাল বিজনেস ফোরাম অভ্ বাংলাদেশের (আইবিএফবি) বার্ষিক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। মন্ত্রী আরো বলেন, সরকার বিদেশি বিনিয়োগ বাড়াতে সব ধরনের সহযোগিতা করতে প্রস্তুত। বিদেশিদের মুনাফা ও মূলধন ফেরত নেওয়া সহজ করা হয়েছে। বাণিজ্য-সংক্রান্ত অনেক সেবাই এখন অনলাইনে দেওয়া হচ্ছে। তবে পণ্যের বৈচিত্র্য আনার কাজটি ব্যবসায়ীদের করতে হবে। এ জন্য উদ্ভাবনী মেধা দরকার। সূত্র **: সমকাল (**পৃ.১৩,ক.১**)**।

**১০।	চামড়া শিল্পের সমস্যা সমাধানে টাস্কফোর্স হচ্ছে : শিল্পমন্ত্রী**

চামড়া ও চামড়া পণ্যের সম্ভাবনা থাকলেও অনেক সমস্যা রয়েছে। এ খাতের সব সমস্যা সমাধানে একটি টাস্কফোর্স গঠন করা হবে বলে জানিয়েছেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। তিনি বলেন, শিল্প ও বাণিজ্য মন্ত্রণালয়, জাতীয় রাজস্ব বোর্ড, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং বেসরকারি খাতের প্রতিনিধিদের সমন্বয়ে টাস্কফোর্স গঠন করা হবে। প্রতি সপ্তাহে চামড়া শিল্পের অগ্রগতি পর্যালোচনা করে এর উন্নয়নে প্রয়োজনীয় সিদ্ধান্ত নেবে এ টাস্কফোর্স। গতকাল (২৫ জুলাই বৃহস্পতিবার) রাজধানীর ঢাকাক্লাবে চামড়া শিল্পনগরী, ঢাকায় ট্যানারি কারখানার উৎপাদন পরিস্থিতি ও টেকসই উন্নয়নে প্রস্তাবনা' শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে এ ঘোষণা দেন শিল্পমন্ত্রী। সূত্র **: সমকাল (**পৃ.১২,ক.৬**), ফিনানয়িশাল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.২)।

#

রিদওয়ান/রশীদ/২০১৯/ ৯.০০ঘন্টা